

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬-৯৮৩

তারিখ : ০৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
২০ জুন ২০১৭ খ্রি.

বিষয় : ২০১৭ সালে বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি (মোয়াল্লেম ফি) বাবদ হজযাত্রী প্রতি ২০,৩৫১/- (বিশ হাজার তিনশত একান্ন) টাকা তালিকায় বর্ণিত হজ এজেন্সীসমূহের স্ব-স্ব একাউন্টে স্থানান্তর সংক্রান্ত।

সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬-৪৪১, তারিখ: ২৩/০৩/২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। ২০১৭ খ্রি. সনে বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি (মোয়াল্লেম ফি) বাবদ হজযাত্রী প্রতি ২০,৩৫১/- (বিশ হাজার তিনশত একান্ন) টাকা হজ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহের অনুকূলে ফেরত প্রদানের লক্ষ্যে ২০১৭ খ্রি. সনে হজ কার্যক্রম পরিচালনাকারী ৬৩৫ (ছয়শত পয়ত্রিশ) টি এজেন্সীর তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত তালিকায় বর্ণিত এজেন্সীভিত্তিক হজযাত্রীর সংখ্যার বিপরীতে প্রাপ্য অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত হিসাব নম্বর ০০০২৩৩০৯৪৫৮৬ (Hajj Service Charge Payable to Saudi Govt) হতে সংশ্লিষ্ট এজেন্সীসমূহ কর্তৃক মন্ত্রণালয়ে দাখিলকৃত স্ব-স্ব ব্যাংক একাউন্টে (মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত তালিকায় বর্ণিত একাউন্ট) স্থানান্তর/প্রেরণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যে সকল হজ এজেন্সীর ব্যাংক একাউন্ট সংবলিত তথ্য এতদসঙ্গে সংযুক্ত তালিকায় নেই সে সকল এজেন্সীর সংশ্লিষ্ট তথ্যাদি মন্ত্রণালয় হতে সরবরাহ না করা পর্যন্ত অর্থ স্থানান্তর করা যাবে না।

০২। উল্লেখ্য যে, ২০১৭ খ্রি./১৪৩৮ হিজরী সনের হজ মৌসুমে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের নিকট হতে সংগৃহীত অর্থ হতে উল্লেখিত অর্থ প্রেরণ/স্থানান্তর করতে হবে।

সংযুক্তি : বর্ণনামতে (৬৩৫ টি এজেন্সীর তালিকা/৩২ পাতা)।

(মো: আবুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (হজ-১)
ফোন : ৯৫৮৪৩২২
email : morahajsection@gmail

(মো: শরীফত জামান)
উপসচিব (হজ)
ফোন : ৯৫৭৬৩৪৯
email : morahajsection@gmail

মহাব্যবস্থাপক
সোনালী ব্যাংক লিমিটেড
স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬-৯৮৩

তারিখ : ০৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
২০ জুন ২০১৭ খ্রি.

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে) :


১. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি সংলগ্নীসহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব (হজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়াপল্টন, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২, কাওরান বাজার, ঢাকা (পত্রটি সংলগ্নীসহ হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

=০২=

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

১০. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার,
এজেন্সী) (২০১৭ সনে হজ কার্যক্রম পরিচালনাকারী সকল এজেন্সী)।
১১. অফিস কপি।

A handwritten signature in black ink, followed by the date '২০১৭' (2017) written in a similar style.

(মো: আবুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (হজ-১)।